

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২৩-৫৪৫

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪


প্রজ্ঞাপন

জামালপুর জেলার ইসলামপুর পৌরসভার মেয়র জনাব আব্দুল কাদের সেখ এর বিরুদ্ধে বিরুদ্ধে উক্ত পৌরসভার ১১ (এগারো) জন কাউন্সিলর কর্তৃক আনীত স্বেচ্ছাচারী আচরণ, সরকারি গুদামের মালামাল লুট, আত্মসাৎ এবং দুর্নীতির অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ এর উপ-ধারা (১) অনুযায়ী তাঁকে ইসলামপুর পৌরসভার মেয়রের পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, জামালপুর জেলার ইসলামপুর পৌরসভার মেয়র জনাব আব্দুল কাদের সেখ-কে সাময়িকভাবে বরখাস্ত করায় এবং উক্ত পৌরসভার মেয়র পদ হতে অপসারণের কার্যক্রম শুরু করায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৪০ (৩) অনুযায়ী উক্ত পৌরসভার প্যানেল মেয়র-১ কে প্রশাসনিক ও দাপ্তরিক কাজের সুবিধার্থে পৌরসভার মেয়রের আর্থিক ক্ষমতা অর্পণ করা হলো।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


২৯/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান

উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২


ইমেইল: lgpaura1@lgd.gov.bd

নম্বর : ৪৬.০০.০০০০.০৬৩.২৭.০০২.২৩-৫৪৫/১(১০)

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩১
২৯ এপ্রিল ২০২৪

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. জেলা প্রশাসক, জামালপুর
৬. উপ-পরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা
(বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো।)
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. প্যানেল মেয়র-১, ইসলামপুর পৌরসভা, জামালপুর
৯. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
১০. জনাব আব্দুল কাদের সেখ, পিতা-মৃতঃ উমর আলী সেখ, গ্রাম: চর গাঁওকুড়া, ওয়ার্ড নং-০৬, ডাকঘর: পলবান্দা, ইসলামপুর পৌরসভা, উপজেলা: ইসলামপুর, জেলা: জামালপুর (সাময়িক বরখাস্তকৃত মেয়র, ইসলামপুর পৌরসভা)


২৯/০৪/২০২৪

মোঃ আব্দুর রহমান

উপসচিব